

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অধিশাখা-৩ (শুল্ক)
অর্থ মন্ত্রণালয়, ঢাকা
www.ird.portal.gov.bd

নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০৫৪.১২ (অংশ). ৬২৬

তারিখঃ ১২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ৩য় ও ৪র্থ শ্রেণির শূণ্য পদে সরাসরি ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান।

সূত্রঃ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এর স্মারক নং: সিইভিটি/নিয়োগ-১৭/২০১৩/(২য় খন্ড)/৪৪১৩, তারিখ: ২৬/০৭/২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকার-এর ৩য় ও ৪র্থ শ্রেণির শূণ্য পদে সরাসরি ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত ছকের ০২ নং কলামে বর্ণিত পদের বিপরীতে ৩ নং কলামে বর্ণিত সংখ্যক পদ সংস্কারপূর্বক ৪ নং কলামে বর্ণিত সংখ্যক পদ পূরণের ছাড়পত্র প্রদান করা হলো:

অফিসের নাম	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	সংরক্ষিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা	সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	--	০৩ টি
	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	--	০৩ টি
	ড্রাইভার ৯৩০০-২২৪৯০/-	--	০২ টি
	মোট	--	০৮ টি

০২। ছাড়পত্রের শর্তসমূহঃ

- উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি বিজ্ঞ আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের অপেক্ষায় বা প্রক্রিয়াধীন থাকে, তবে বিজ্ঞ আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধান মোতাবেক শূণ্য পদ পূরণ করতে হবে;
- ছাড়পত্রের প্রস্তাবে শূণ্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- মঞ্জুরিকৃত পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে এবং এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- সরাসরি নিয়োগের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ হইবে ছাড়পত্র প্রদানের তারিখ হতে সর্বোচ্চ এক বৎসর।



৫. ছাড়পত্রের বৈধতার মেয়াদের মধ্যে নিয়োগ প্রদানের সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া চূড়ান্ত নিয়োগপত্র প্রদান করিতে হইবে;
৬. নির্দিষ্ট সময় সীমার ভিতরে পদ পূরণে অসমর্থ হইলে নতুন করিয়া ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;
৭. ছাড়কৃত পদগুলো পূরণ করার ক্ষেত্রে নিয়োগ বিধি, শূণ্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/ অনুসরণ করতে হবে;
৮. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪-১১-২০১০ খ্রিঃ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ (২৫০) নং পরিপত্রের সাথে সংযুক্ত ছক পূরণ করে পদসমূহ পূরণ করার পর তার তথ্য অন্যান্য ১০ (দশ) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
৯. নিয়োগে পূর্ণ স্বচ্ছতা বিধান ও গুণগত মান বজায় রাখতে হবে;

০৩। প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী শূণ্য পদে দ্রুত ও স্বচ্ছতার সাথে এবং গুণগতমান বজায় রেখে জনবল নিয়োগ প্রয়োজনে জনবল নিয়োগের নিমিত্ত IBA/MIST অথবা জাতীয় পর্যায়ে এ ধরনের নিয়োগ পরীক্ষা গ্রহণে সক্ষম এমন প্রতিষ্ঠানের মাধ্যমে শূণ্য পদে জনবল নিয়োগের যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পনের জন্য নির্দেশিত হয়ে পরামর্শ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ হুমায়ুন কবীর)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪০২৬৫

কমিশনার

কাস্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট আপীলাত, ট্রাইব্যুনাল


ঢাকা।

নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০৫৪.১২ (অংশ). ৮২৬/১ (৫)

তারিখঃ ১২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।


(মোঃ হুমায়ুন কবীর)
উপ-সচিব